বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১
ফোন: ৯৫৫২৫২৪
E-Mail :dgmaudit1@krishibank.org.bd

নং প্রকা/প্রনিবি-১/বাঃব্যাঃবিঃপঃ-৯(৮)/ফরিদপুর বিভাগ/২০১৬-১৭/১০৪৪(১০৯৯) তারিখ ঃ ০৯/১০/২০১৬ ইং

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
০৫। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের পরিপালন/পুনঃ পরিপালন জবাবে অসত্য তথ্য প্রদানের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারী (পিআরএল-এ গমনকারী কর্মকর্তা/কর্মচারী সহ) এবং উক্ত অসত্য জবাব যাচাই-বাছাই ব্যতিরেকে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের সাথে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/মুখ্য আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদেরকে জবাবদিহিতার আওতায় আনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগ হতে জারীকৃত প্রনিবি-১ পরিপত্র নং-০১/২০১৫ তারিখঃ ০২/০৯/২০১৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২ বর্ণিত পরিপত্রের ০৪ নং অনুচ্ছেদে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং বিকেবি পরিচালনা পর্ষদের ৬৩৩তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছিলঃ

"অত্র ব্যাংকের শাখা/কর্পোরেট শাখা/কার্যালয়ের উপর বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অসত্য পরিপালন/পুনঃ পরিপালন জবাব বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হলে অসত্য জবাব প্রেরণের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদেরকে এবং উক্ত অসত্য জবাব যাচাই-বাছাই ব্যতিরেকে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের সাথে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/মুখ্য আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের দায়ে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর সংশ্লিষ্ট বিধির বিধান মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।"

০৩। কিন্তু উপরোক্ত নির্দেশনা সত্ত্বেও বিভিন্ন শাখা/কার্যালয় কর্তৃক বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ/পরামর্শ পরিপালন না করেই "পরিপালন করা হয়েছে" মর্মে জবাব প্রেরণ করা হচ্ছে এবং সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় কর্তৃক উক্ত জবাব কোনরূপ যাচাই-বাছাই ব্যতিরেকে মন্তব্য সহ বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হচ্ছে। সম্প্রতি বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ীর নিয়ন্ত্রণাধীন একটি শাখার উপর বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত বিশেষ পরিদর্শনে আলোচ্য অনিয়মের ঘটনা উদঘাটিত হয়েছে এবং তৎপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়কে জবাবদিহিতার আওতায় এনে বাংলাদেশ ব্যাংককে অবহিতকরণের নির্দেশনা দিয়ে অত্র ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট পত্র প্রেরণ করা হয়েছে, যা অনাকাঙ্খিত ও অনভিপ্রেত ।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ/পরামর্শ পরিপালন না করেই "পরিপালন করা হয়েছে" মর্মে জবাব প্রেরণ সংক্রান্ত অনিয়ম থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো। ব্যর্থতায় দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের দায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর সংশ্লিষ্ট বিধির বিধান মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ঃ ০৪ (চার) পাতা।

৯/১০/১৬
(মুহম্মদ মাহমুদ হাসান)
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ

চলমান পাতা-০২

নং প্রকা/প্রনিবি-১/বাঃব্যঃবিঃপঃ-৯(৮)/ফরিদপুর বিভাগ/২০১৬-১৭/১০৪৪(১২৫০) তারিখ ঃ ০৯/১০/২০১৬ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। মহাব্যবস্থাপক, ব্যাংক পরিদর্শন বিভাগ-৩, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। অধ্যক্ষ(উপ-মহাব্যবস্থাপক), বিকেবি, রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

০৯/১০/১৬.
(মোঃ নাসির উদ্দিন)
উপ-মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

**প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১**

প্রনিবি-১ পরিপত্র নং-০১/২০১৫ তারিখ ঃ ০২/০৯/২০১৫ খ্রিঃ

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকে পরিদর্শন প্রতিবেদনের পরিপালন/পুনঃ পরিপালন জবাবে অসত্য তথ্য প্রদানের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারী (পিআরএল-এ গমনকারী কর্মকর্তা/কর্মচারীসহ) এবং উক্ত অসত্য জবাব ~~জবাব~~ যাচাই-বাছাই ব্যতিরেকে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের সাথে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/মুখ্য আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদেরকে জবাবদিহিতার আওতায় আনা প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর উপর ৩০/০৬/২০১৪ তারিখ স্থিতি ভিত্তিক বাংলাদেশ ব্যাংক ২৮তম বিশদ পরিদর্শন প্রতিবেদন এর অনুচ্ছেদ নং- ১৪ তে প্রদত্ত পরামর্শের প্রেক্ষিতে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ হতে ১৯/০২/২০১৫ তারিখের প্রকা/প্রনিবি-১/বাঃব্যাঃবিঃপঃ-০৬(২০১৪)/২০১৪-২০১৫/১৮৫৪(১০৯৯) নং পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল কর্তৃক উত্থাপিত আপত্তি নিষ্পত্তি/পরিপালন না করেই ''করা হয়েছে''- মর্মে পরিপালন প্রতিবেদন প্রেরণ ও তা সুপারিশ করা থেকে বিরত থেকে ভবিষ্যতে যাতে কোন অনাকাংখিত পরিস্থিতির উদ্ভব না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট কার্যালয়/কর্পোরেট শাখা/শাখাসমূহকে সতর্ক দৃষ্টি রাখার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়। এছাড়া, বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত/উদঘাটিত অনিয়মের জন্য জড়িতদের বিরুদ্ধে প্রশাসনিক/শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হলে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যাংকের বিদ্যমান বিধি অনুযায়ী বর্ণিত অনিয়ম/অন্যায় কার্যক্রমের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদেরকে চিহ্নিত করতঃ তাঁদের বিরুদ্ধে উপযুক্ত প্রশাসনিক/শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র ব্যাংক পরিদর্শন বিভাগ-৩ এর ১৩/০৪/২০১৫ তারিখের ডিবিআই-৩(বিব্যউবি-বিকেবি/রাকাব)৪৫/২০১৫-৯৪৯ নং পত্রের মাধ্যমে প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-১ হতে জারীকৃত ১৯/০২/২০১৫ তারিখের ১৮৫৪(১০৯৯) নং পত্রের প্রতি মনযোগ আকর্ষণপূর্বক দায়িত্বে অবহেলার ক্ষেত্রে পিআরএল-এ গমণকারী কর্মকর্তা/কর্মচারী এবং আঞ্চলিক কার্যালয়/মুখ্য আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাদেরকে জবাবদিহিতার আওতায় আনার লক্ষ্যে সার্কুলার জারী করার জন্য অত্র ব্যাংককে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। প্রসংগত উল্লেখ্য, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার উপর ৩০/০৬/২০১৪ তারিখ স্থিতি ভিত্তিক বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের পরিপালন জবাবের উপর ১৯/০৩/২০১৫ তারিখে অনুষ্ঠিত বিকেবি পরিচালনা পর্ষদের ৬৩৩তম সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

"বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অসত্য পরিপালন জবাব বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হলে অসত্য জবাব প্রেরণের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।"

০৪। আলোচ্য বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং বিকেবি পরিচালনা পর্ষদের ৬৩৩তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো ঃ

''অত্র ব্যাংকের শাখা/কর্পোরেট শাখা/কার্যালয়ের উপর বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অসত্য পরিপালন/পুনঃ পরিপালন জবাব বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হলে অসত্য জবাব প্রেরণের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদেরকে এবং উক্ত অসত্য জবাব যাচাই-বাছাই ব্যতিরেকে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের সাথে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়/মুখ্য আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের দায়ে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর সংশ্লিষ্ট বিধির বিধান মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনুরূপভাবে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন প্রতিবেদনের অসত্য পরিপালন/পুনঃ পরিপালন জবাব প্রদানের সাথে জড়িত অত্র ব্যাংকের পিআরএল-এ গমনকারী কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের দায়ে সাবেক কর্মী ব্যবস্থাপনা বিভাগ-২ কর্তৃক ২৮/০৯/১৯৯২ তারিখে জারীকৃত প্রশাসন পরিপত্র নং-৪০/৯২ (কপি সংযুক্ত) মোতাবেক উপযুক্ত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।"

০৫। এখানে উল্লেখ্য যে, প্রশাসন পরিপত্র নং-৪০/৯২ পরিপত্রটি এলপিআর-এ থাকাকালীন সময়ে কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় শৃংখলাজনিত মোকদ্দমা রুজু করা প্রসঙ্গে জারী করা হয়েছিল। পরবর্তীতে সাবেক কর্মী ব্যবস্থাপনা বিভাগ-৩ বরাবরে লিখিত সাবেক কর্মী ব্যবস্থাপনা বিভাগ-২ এর ২৩/০৯/২০১০ তারিখের অভ্যন্তরীণ পত্র নং ঃ প্রকা/কব্যবি-২/৩৭(৭৪)/২০১০-২০১১/৫৯২ তে উল্লেখ করা হয়েছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)৬২ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে Public servant (Retirement) Act. 1974 এর 4 ও 7 ধারার সংশোধনী আনয়নপূর্বক অবসর প্রস্তুতিমূলক ছুটিকে (Leave Preparatory to Retirement) অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) দ্বারা প্রতিস্থাপন করা হলেও এক্ষেত্রে এলপিআর সংক্রান্ত বিধি-বিধানের কোন পরিবর্তন আনা হয়নি বিধায় এলপিআর ভোগরত কর্মচারীর ক্ষেত্রে বিভাগীয় শৃংখলাজনিত মোকদ্দমা রুজু করার অনুরূপ শর্তসমূহ পিআরএল ভোগরত কর্মচারীর ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

অনুমোদনক্রমে-

সংযুক্তি ঃ বর্ণনামতে।

(মোঃ [illegible] খান)
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ

চলমান পাতা-০২


ফোন ঃ ৯৫৫২৫২৪, ইন্টারকম-২৫১
E-Mail: dgmaudit1@krishibank.org.bd

নং ঃ প্রকা/প্রনিবি-১/বাঃব্যাঃপঃ(বিবিধ)/২০১৫-২০১৬/৩৪৩(১২০৫) তারিখ ঃ ০২/০৯/২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক -১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। মহাব্যবস্থাপক, ব্যাংক পরিদর্শন বিভাগ-৩, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।
০৭। অধ্যক্ষ(উপ-মহাব্যবস্থাপক), বিকেবি, রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
১০। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি।

০২/০৯/১৫
(দুলাল চন্দ্র সরকার)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

কর্মচারী ব্যবস্থাপনা বিভাগ-৩

প্রশাসন পরিপত্র নং-৪০/৯২

তারিখঃ ২৮-৯-১৯৯২ ইং
১৩-৬-১৩৯৯ বাং

বিষয়ঃ- এল,পি,আর'এ থাকাকালীন সময় বিভাগীয় শৃংখলাজনিত মোকদ্দমা রুজু করা প্রসংগে।

অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগরত অবস্থায় অথবা অবসরকালীন অবস্থায় ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করা যাইবে কি-না এবং অভিযোগে দোষী সাব্যস্ত হইলে কোন শাস্তি আরোপ করা যাইবে কিনা এই প্রসংগত ব্যাপারে প্রশাসনের বিভিন্ন পর্যায়ে সংশয় দেখা দিয়াছে। ফলে মাঠ কার্যালয় হইতে এই ব্যাপারে প্রধান কার্যালয়ের সিদ্ধান্ত চাওয়া হইতেছে। সুতরাং এই ব্যাপারে প্রচলিত আইনের সঠিক ব্যাখ্যার প্রয়োজন।

০২। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে বাংলাদেশ কৃষি ব্যাংক চাকুরী প্রবিধান ১৯৮৮এর ৫৫ নং বিধিতে বলা হইয়াছে যে এই প্রবিধানমালায় যে সকল বিষয়ে বিধান করা হয় নাই সে সকল বিষয়ে সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা, প্রবিধানমালা, আদেশ, নির্দেশ ইত্যাদির বিধান সমূহ ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

০৩। এমতাবস্থায় বর্ণিত বিষয়ে ব্যাংকের চাকুরী প্রবিধানে বিধান না থাকায় সরকারী কর্মচারীর বেলায় প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা (বি,এস,আর) এর ২৪৭ নম্বর বিধির বিধান মোতাবেক কোন কর্মচারী এল,পি,আর'এ থাকাকালীন অবস্থায় তাহার অবহেলাজনিত কারণে অথবা অনিয়মিত কারণে যদি ব্যাংক আর্থিক দিক দিয়া ক্ষতিগ্রস্ত হয় এবং এই অভিযোগ যদি বিভাগীয় মোকদ্দমায় প্রতিষ্ঠিত হয় তাহা হইলে তাহার প্রাপ্য পেনশন হইতে ক্ষতির পরিমাণ টাকা কর্তন করিয়া রাখা যাইতে পারে। উক্ত বিধির বিধান মোতাবেক ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এল,পি,আর'এ থাকাকালীন অবস্থায় বিভাগীয় মোকদ্দমা রুজু করা যাইতে পারে, যথাঃ-

(১) বিভাগীয় মোকদ্দমাটি অবসর গ্রহণের পূর্বে রুজু করিতে হইবে অথবা তাহার শেষ কর্মরত থাকার ১(এক) বৎসরের মধ্যে;

(২) আর্থিক অভিযোগের ঘটনা সংশ্লিষ্ট কর্মচারীর শেষ কর্ম দিবসের ১(এক) বৎসরের মধ্যে হইতে হইবে।

০৪। উল্লেখ্য যে এল,পি,আর'এ থাকাকালীন কোন কর্মচারী যদিও সক্রিয়ভাবে চাকুরীতে থাকেন না তবুও এল,পি,আর উত্তীর্ণ না হওয়া পর্যন্ত তাহাকে অবসরপ্রাপ্ত কর্মচারী বলা যায় না এবং তিনি চাকুরীরত আছেন বলিয়া গণ্য করা হয়।

চলমান-----পাতা/২

০৫। উপরোল্লিখিত দুইটি শর্ত পূরণ সাপেক্ষে এস,পি,আর'এ থাকাকালীন কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করা যাইবে। সংশ্লিষ্ট ব্যক্তি দোষী সাব্যস্ত হইলে তাঁহার কৃতকর্মে ক্ষতির টাকা পেনশন হইতে কাটিয়া রাখা যাইবে অথবা বি,এস,আর এর ৩৪৮ নম্বর বিধির বিধান মোতাবেক পেনশন মঞ্জুরীকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ব্যক্তির কার্যাবলী সন্তোষজনক নয় মনে করিয়া পেনশন মঞ্জুর নাও করিতে পারেন অথবা পেনশনের আংশিক টাকা কর্তন করিতে পারেন।

০৬। সংশ্লিষ্ট সকলের সংশয় নিরসনকল্পে প্রচলিত আইনের বিধান উল্লেখ পূর্বক তাহা যথাযথভাবে অনুসরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

আদেশক্রমে-

(পি,এম,সালাহউদ্দিন আহমদ)
উপ-মহাব্যবস্থাপক

বকৃ-প্রকাঃকবাবিঃ৬ঃ৭ঃ০৩/৯২-৯৩/৬২০(১২৫০)    তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৩। প্রধান, অডিট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান/প্রধান প্রকৌশলী/সচিব/অধ্যক্ষ, বিটিআই, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি/শহরাঞ্চলীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
৬। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মচারী ব্যবস্থাপনা বিভাগ-১,২ ও ৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। মুখ্য জনসংযোগ কর্মকর্তা, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। কম্পিউটার শাখা (ঋণ আদায় বিভাগ)/পেনশন শাখা(মানব সম্পদ বিভাগ), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। অধ্যক্ষ, আর,টি,আই, বিকেবি, [illegible]।
১১। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি।

(মোঃ ইব্রাহীম ভূঁইয়া)
সহকারী মহাব্যবস্থাপক

পত্রিক/